

# বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

## Project: Sustainable management of blast, sheath blight and bacterial blight diseases of rice through nano-particles (NPs)

উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, গাজীপুর ১৭০১।

ই-মেইল: alatif1965@yahoo.com

স্মারক নং: ১২.২২.০০০০.০১৬.৩২.০০৭.২০/১৫

তারিখ: ০৮/০৬/২০২২ খ্রিঃ

### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি গবেষণা ফাউন্ডেশন এর অর্থায়নে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের অধীনে বাস্তবায়নধীন Sustainable management of blast, sheath blight and bacterial blight diseases of rice through nano-particles (NPs) (Project ID No. TF 71-C/20) শীর্ষক গবেষণা প্রকল্পের জন্য নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদের জন্য (ডিসেম্বর ১২, ২০২৩ খ্রিঃ পর্যন্ত) বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট হতে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	সাকুল্য বেতন	আবেদনের যোগ্যতা
২	রিসার্চ অ্যাসোসিয়েট (ফুল-টাইম)	১ (এক)	২৫,০০০/-	<ul style="list-style-type: none"><li>➤ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষি/ বায়োটেকনোলজী/ এগ্রোটেকনোলজী/ সংশ্লিষ্ট বিষয়ে নূন্যতম স্নাতক ডিগ্রি।</li><li>➤ সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।</li></ul>

১। আগ্রহী প্রার্থীকে আগামী ১৫/০৬/২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, জন্ম তারিখ, বর্তমান ও স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), জাতীয় পরিচয় নম্বর, মোবাইল নম্বর ইত্যাদি) উল্লেখ পূর্বক সাদা কাগজে লিখিত আবেদনপত্র (কাভার লেটার) নিম্ন স্বাক্ষরকারী বরাবর সরাসরি/ডাকযোগে জমা দিতে হবে। আবেদনের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ/বিবেচনা করা হবে না।

২। আবেদন পত্রের সাথে নিম্নলিখিত ডকুমেন্ট প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে:

(ক) পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত (সত্যায়িত করার প্রয়োজন নেই)

(খ) শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি

(গ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের দুই কপি রঙিন ছবি

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিল কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি

(ঙ) অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)

(চ) গবেষণাপত্রের ১ম পাতার সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)

৩। রিসার্চ অ্যাসোসিয়েট নিয়োগের ক্ষেত্রে বিজ্ঞপ্তির তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর হবে। মুক্তিযোদ্ধা পোষ্যদের সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর হবে। তবে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।

৪। ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারন দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে।

৫। প্রাপ্ত আবেদনপত্র সমূহ প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে।

৬। প্রার্থীর মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

৭। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।

(ড. মোঃ আব্দুল লতিফ)

প্রিন্সিপাল ইনভেস্টিগেটর

Sustainable management of blast, sheath blight and bacterial blight

diseases of rice through nano-particles (NPs) (Project ID No. TF 71-C/20) এবং

সিএসও এবং বিভাগীয় প্রধান, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ,

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (রি), গাজীপুর ১৭০১।

ই-মেইল: alatif1965@yahoo.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. নির্বাহী পরিচালক, কেজিএফ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫।
২. পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১।
৩. পরিচালক (গবেষণা) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১।
৫. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১।
৬. নোটিশ বোর্ড, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৭. নোটিশ বোর্ড, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১।
৮. নোটিশ বোর্ড বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১।
৯. অফিস কপি।